দৈনিক সংবাদ

30

তারিখ 10 SEP 1989
পৃষ্ঠা 6 কলাম 7

# শিবির চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ক্লাস হতে দেয়নি

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৯ই সেপ্টেম্বর।— চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের শিক্ষা পরিবেশ পরিষদ গঠনের বিরোধিতা করে ইসলামী ছাত্র-শিবির আজ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস হতে দেয়নি। ১ নং ও ২ নং গেটে শিবিরকর্মীরা তালা ঝুলিয়ে রাখে। সকালে শিক্ষক, কর্মচারী ও ছাত্ররা গেট থেকে ফেরত যায়। হলগুলোতে এখন শিবিরকর্মী ও সমর্থক ছাড়া কোন সাধারণ ছাত্র নেই। এর আগে গত বৃহস্পতিবারও একই কারণে শিবির ক্লাস হতে দেয়নি।

এদিকে শিক্ষা পরিবেশ পরিষদ গঠন কার্যকর করা, ক্যাম্পাস থেকে সন্ত্রাসীদের বহিষ্কারসহ ৮ দফা দাবী কার্যকর করার আহ্বান জানিয়ে ছাত্র সংগ্রাম পরিষদ রেল স্টেশন চত্বরে এক ছাত্রসমাবেশের আয়োজন করে। বক্তব্য রাখেন হাসান মাহমুদ, রেজাউল করিম, আজিম উদ্দিন প্রমুখ।